শ্রীল পরীক্ষিত মহারাজ শ্রীল শুকদেব গোস্বামীকে কহিলেন—"হে প্রভো! দেবগণেরও শুদ্ধসত্ত্ব অমলাত্মা ঋষিগণের মুকুন্দচরণে প্রায়শঃ ভক্তির উদয় হয় না। সহস্র সহস্র মুক্ত মহাপুরুষগণের মধ্যে কোনও একজন সিদ্ধিলাভ করেন। আবার সেই সিদ্ধমহাপুরুষের কোটি কোটির মধ্যেও প্রশান্তাত্মা ( কামাদি দ্বারা অক্ষোভিতচিত্ত ) নারায়ণ সেবাপরায়ণ ভক্ত সুদুর্ল্লভ। এইরূপ বলিয়া দেব ও ঋষিগণের সত্ত্বাদি সদ্‌গুণের সত্ত্বা থাকা সত্ত্বেও ভক্তির অভাব হেতুক "রজস্তমঃ স্বভাবস্য ব্রহ্মণ্ বৃত্রস্য পাপ্মনঃ। নারায়ণে ভগবতি কথমাসীদ্দৃঢ়ামতিঃ॥" ৬।১৪।১॥ শ্লোকে হে ব্রহ্মণ্! রজস্তমঃ স্বভাব পাপীয়ান্ বৃত্রের ভগবান্ শ্রীনারায়ণে কি প্রকারে অবিচলামতি হইয়াছিল? পরীক্ষিত মহারাজের এইরূপ উক্তি দ্বারা সত্ত্বাদি সদ্‌গুণের অভাবে ও শ্রীভগবানে ভক্তির "সত্ত্বা থাকা জন্য, সত্ত্ব, রজঃ ও তমোগুণ যে ভগবদ্ভক্তির কারণ হইতে পারে না, তাহা সুস্পষ্টরূপেই দেখান হইয়াছে। কিন্তু এই প্রশ্নের উত্তরে শ্রীশুকমুনি সেই বৃত্রাসুরের পূর্ব্বজন্মে ( চিত্রকেতু জন্মে ) শ্রীনারদ, অঙ্গিরা প্রভৃতি সাধুসঙ্গের কথা বর্ণন করিয়া এবং "নৈষাংমতিস্তাবদুরুক্রমাঙ্ঘ্রিং স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ। মহীয়সাং পাদরজোঽভিষেকং নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ॥" যতদিন পর্য্যন্ত নিষ্কিঞ্চন মহাপুরুষগণের চরণধূলিতে নিজ অভিষেক প্রার্থনা না করিবে, ততদিন পর্য্যন্ত এইসকল গৃহব্রতীগণের মতি শ্রীগোবিন্দচরণ স্পর্শ করিতে পারে না। যে মতি শ্রীগোবিন্দচরণ স্পর্শ করে, তাহাতে সুকৃতোত্থ, দুষ্কৃতোত্থ, অপরাধোত্থ এবং ভজনোত্থ—এই চারিপ্রকার অনর্থই নিবৃত্ত হইয়া থাকে। শ্রীমান্ প্রহ্লাদ মহাশয়ের এই উক্তির দ্বারা ও শ্রীভগবৎ-কৃপাপরিমলে সুগন্ধি শক্তিমান্ মহাপুরুষের সঙ্গই যে শ্রীভগবানে ভক্তি-প্রাপ্তির প্রতি মুখ্য কারণ, তাহা দেখান হইয়াছে। সেই সাধু-ভক্তসঙ্গ "তুলয়ামো লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং। ভগবৎ সঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ॥" ১।১৮।১৩॥ শ্লোকে শ্রীশৌনকাদি ঋষিগণ শ্রীসূত-গোস্বামীকে কহিলেন—"হে সূত! ভগবানে যাঁহাদের গাঢ় আসক্তি আছে, সেই সকল ভক্তের লবকাল সঙ্গে যে অপার আনন্দসিন্ধু উচ্ছলিত হয়, স্বর্গে বা মোক্ষে সে আনন্দসিন্ধুর এককণাও লাভ হয় না বলিয়া আমরা সাধুসঙ্গের সহিত তাহাদের তুলনা করিতে সম্ভাবনা করি না। যেমন সুমেরু পর্ব্বতের সহিত একটি সর্ষপের তুলনা সর্ব্বথা অসম্ভব, রসিক ভক্তসঙ্গের সহিত স্বর্গ বা অপবর্গের তুলনাও তেমনি অসম্ভব। অন্য তুচ্ছরাজ্যাদি সম্পদ-সুখের সহিত যে ভক্তসঙ্গের তুলনা হইতেই পারে না—